বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড

প্রধান কার্যালয়

টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

www.btcl.gov.bd।বিটিসিএল.বাংলা

জুনিয়র সহকারী ম্যানেজার (টেকনিক্যাল) পদে

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও আবেদনের শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **www.btcl.gov.bd/career** ও **http://btcl.teletalk.com.bd** এই ওয়েবসাইট ঠিকানার পেজে প্রদত্ত লিংকে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

Online ফরম এর সকল অংশ (ছবি এবং স্বাক্ষরসহ) যথাযথভাবে পূরণ করে দিতে হবে। অসম্পূর্ণ আবদেনপত্র সরাসরি বাতিল করা হবে;

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২৫/ ১০/২০২১ খ্রি., সকাল ১০.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৪/১১/২০২১ খ্রি., বিকেল ৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। ৭২ ঘন্টার মধ্যে ফি জমা দিতে ব্যর্থ হলে আবেদনপত্র গৃহীত হবে না।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্ক্যানকৃত স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel ×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৩০০ pixel) নির্ধারিত স্থানে Upload করবেন। স্বাক্ষর এবং ছবি নির্ধারিত মাপে আছে কিনা তা আপলোডের পূর্বে পরীক্ষা করে নিতে হবে। প্রয়োজনে 'Photo/Signature Validator' লিংকে প্রদত্ত টুলের সহায়তা নিতে পারবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন করলে প্রার্থী তাঁর ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। Applicant's copy টি প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বর ব্যবহার করে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য ৯০০/- (নয়শত) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ''Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না''।

প্রথম SMS এর ফরম্যাট: BTCLR<space>**User ID**

Example: **User ID** যদি ABCDEF হয় সেক্ষেত্রে, BTCLR ABCDEF লিখে 16222 নম্বরে এসএমএসটি পাঠিয়ে দিন।

Reply: Applicant's Name, Tk- **900**(application fee) will be charged as application fee. Your PIN is xxxxxxxx.

ফি পরিশোধের জন্য নিচের দ্বিতীয় SMS টি করতে হবে।

দ্বিতীয় SMS এর ফরম্যাট: BTCLR<space>**Yes**<space>**PIN** নম্বর

Example: **PIN** নম্বর যদি 12345678 হয় তবে, BTCLR Yes 12345678 লিখে 16222 নম্বরে এসএমএসটি পাঠিয়ে দিন।

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BTCL Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

ফি পরিশোধের পর প্রার্থী http://btcl.teletalk.com.bd ঠিকানায় গিয়ে ফি পরিশোধের স্ট্যাটাস পরীক্ষা করে দেখতে পারবেন।

চ. লিখিত পরীক্ষার প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি www.btcl.gov.bd/career ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (**শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে**) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। প্রার্থীর প্রদত্ত ইমেইল ঠিকানাতেও যোগাযোগ করা হতে পারে, সেক্ষেত্রে নিয়মিত ইমেইল ইনবক্স (জাঙ্ক/স্প্যাম বক্সসহ) পরীক্ষা করাও বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত লিখিত পরীক্ষার প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে প্রার্থীকে অবশ্যই প্রদর্শন করতে হবে;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার (যদি প্রয়োজন হয়) করতে পারবেন।

ঝ. i. User ID জানা থাকলে এসএমএস এর ফরম্যাট: **BTCLR**<space>**Help**<space>**User**<space>**User ID**

Example: **BTCLR Help User ABCDEF** লিখে পাঠিয়ে দিন 16222 নম্বরে।

ii. PIN Number জানা থাকলে এসএমএস এর ফরম্যাট: **BTCLR**<space>**Help**<space>**PIN**<space>**PIN No**

Example: **BTCLR Help PIN 12345678** লিখে পাঠিয়ে দিন 16222 নম্বরে।

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে কল করুন alljobs.query@teletalk.com.bd অথবা vas.query@teletalk.com.bd এবং career@btcl.com.bd ঠিকানায় ইমেইল করুন; (Mail এর subject এ Organization Name "BTCL", Post Name: Junior Assistant Manager (Technical), Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ট. অনলাইনে আবেদনপত্র দাখিলের সময় প্রার্থীকে সকল তথ্য নির্ভুল ও সততার সাথে পূরণ করতে হবে। দাখিলকৃত সকল তথ্য সঠিক ও সত্য হিসেবে বিবেচিত হবে। পরবর্তীতে কোন তথ্য সংশোধন বা পরিবর্তন করা যাবে না। প্রদত্ত তথ্য বা অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা চিহ্নিত হলে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে

পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে বিটিসিএল এর কোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঠ. নিয়োগ সম্পর্কিত যে কোন সর্বশেষ তথ্য বিটিসিএল এর ওয়েবসাইট **www.btcl.gov.bd/career** এ পাওয়া যাবে। এছাড়া QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

ড. লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য হতে মেধাক্রম অনুসারে প্রথম ৩০০ জনকে মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে। তবে ৩০০তম প্রার্থীর সমান নম্বর প্রাপ্ত সকল প্রার্থীকেও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। মৌখিক পরীক্ষার জন্য বিটিসিএল থেকে ডাকযোগে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। এসএমএস/ইমেইলের মাধ্যমে মৌখিক পরীক্ষার বিষয়টি জানানোর পর প্রার্থী বিটিসিএল এর ওয়েবসাইট থেকে বিস্তারিত তথ্য সংগ্রহ করবেন। মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখ ও সময়ে বিটিসিএল এর ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রার্থী বিটিসিএল এর প্রধান কার্যালয়ে (টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা) মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হবেন। নির্ধারিত তারিখ ও সময়ে মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত না হলে কারণ যাই হোক না কেন, উক্ত প্রার্থীর মৌখিক পরীক্ষা আর গ্রহণ করা হবে না।

ঢ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে করতে পরামর্শ দেয়া যাচ্ছে।